

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 18-12-2025

Time: 1.40 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) লোকসভায় আজ বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ বা বিকশিত ভারত জি রাম জি বিল ২০২৫ আলোচনা ও পাশের জন্য উত্থাপন হয়েছে। আলোচনার পর বিলটি পাশ হয়েছে।
- ২) এসআইআর-এর শুনানি পর্বের জন্য রাজ্যে আজ থেকে নোটিশ পাঠানো শুরু হয়েছে।
- ৩) এসএসসি-তে নবম দশম ও একাদশ দ্বাদশ নিয়োগ প্রক্রিয়ার সময়সীমা আরও ৮ মাস বাড়িয়ে ৩১ শে আগস্ট পর্যন্ত করেছে সুপ্রিম কোর্ট।
- ৪) আজ সংখ্যালঘু দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সংখ্যালঘুদের অধিকার রক্ষায় দিনটি পালিত হচ্ছে।
- ৫) কলকাতার পার্কস্ট্রীটে আজ শুরু হচ্ছে ক্রিসমাস কার্নিভাল।

লোকসভায় আজ বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ বা বিকশিত ভারত জিরাম জি বিল ২০২৫ আলোচনা ও পাশের জন্য উত্থাপন হয়েছে। এই বিল ২০ বছরের পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা আইন ২০০৫-এর পরিবর্তে আনা হয়েছে। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের জাতীয়

দৃষ্টিভঙ্গীর সঙ্গে সামঞ্জস্য রেখে এই বিলে গ্রামীণ উন্নয়নমূলক রূপরেখা গড়ে তোলা হয়েছে। অদক্ষ কায়িক শ্রমে সক্ষম প্রতিটি পরিবারের পূর্ণবয়স্ক সদস্যদের প্রতি অর্থ বছরে ১২৫ দিনে বিধিবদ্ধ কর্মনিশ্চয়তা এই বিলে প্রস্তাব করা হয়েছে। অর্থ বরাদ্দের ক্ষেত্রে ৬০ শতাংশ দেবে কেন্দ্র এবং ৪০ শতাংশ ব্যয় ভার বহন করতে হবে রাজ্যকে। তবে উত্তর পূর্বাঞ্চল ও হিমালয় সন্নিহিত রাজ্যগুলিকে দিতে হবে মোট বরাদ্দের মাত্র ১০ শতাংশ। বাকি ৯০ শতাংশ বহন করবে কেন্দ্র। আলোচনার জবাবী ভাষণে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন, গরীব কল্যাণই বর্তমানে সরকারের প্রাথমিক লক্ষ্য। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে মনরেগা প্রকল্প যথাযথভাবে কার্যকর হয়েছে। মনরেগার অধীনে ইউপিএ সরকার মাত্র ২ লক্ষ ১৩ হাজার কোটি টাকা খরচ করলেও মোদী সরকার সেক্ষেত্রে ৮ লক্ষ ৫৩ হাজার কোটি টাকা খরচ করেছে। অর্থ বরাদ্দের ক্ষেত্রে কেন্দ্র ও রাজ্যের মধ্যে কোনোরকম তফাত নেই বলেও মন্ত্রী উল্লেখ করেন।

বাইট

আলোচনার পর বিলটি পাশ হয়েছে। বিল পাশের পর লোকসভার অধিবেশন দিনের মত মূলতুবি হয়ে গেছে।

ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় শুনানি পর্বের জন্য আজ থেকেই নোটিশ পাঠানো শুরু হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। নোটিশ পাওয়ার পর সংশ্লিষ্ট ভোটারদের সাত দিন সময় দেওয়া হবে। সেক্ষেত্রে আগামী সপ্তাহ থেকেই শুনানি শুরু হতে পারে। ৮৫ বছর বা তার বেশি বয়সী ভোটারদের ক্ষেত্রে শুনানি

কেন্দ্রে আসতে হবে না। সংশ্লিষ্ট ইআরও নিজে বাড়িতে গিয়ে শুনানি করবেন। সেই সময় উপস্থিত থাকবেন অ্যাসিস্ট্যান্ট ইআরও(এএইআরও) এবং সংশ্লিষ্ট বুথের বিএলও। কোথায় কখন শুনানী হবে তা নোটিশেই বলে দেওয়া হবে। আগামী ১৪ই ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে।

এদিকে, খসড়া তালিকা প্রকাশের পর ভুল ধরা পড়তেই কড়া পদক্ষেপ শুরু করেছে নির্বাচন কমিশন। হুগলির চণ্ডীতলা, মাটিগাড়া-নকশালবাড়ি, কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্র, ডানকুনি সহ একাধিক কেন্দ্রে জীবিত ভোটারকে মৃত বলে দেখানো, যোগ্য ভোটারকে নিখোঁজ হিসেবে দেখানো ইত্যাদি অভিযোগ ওঠায় কয়েকজন বিএলও-কে শোকজ নোটিস পাঠানো হয়েছে। শুধু তাই নয়, ওই কেন্দ্রগুলির ইআরও-দের কাছ থেকেও বিস্তারিত রিপোর্ট চেয়েছে কমিশন। বিএলও-দের ভুলের কারণে যাঁদের নাম বাদ পড়েছে বা সমস্যা তৈরি হয়েছে, তাঁদেরও বিধি মেনে ফর্ম-৬ পূরণ করতেই হবে। শুনানি ও যাচাইয়ের পরেই প্রতিটি বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) প্রক্রিয়ায় নথি হিসেবে, বাতিল হওয়া ওবিসি শংসাপত্রের ব্যবহার বন্ধের আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। বিচারপতি কৃষ্ণ রাও-এর বেঞ্চে আগামী সোমবার মামলার শুনানীর সম্ভাবনা। মামলাকারী আইনজীবী অরিজিৎ বক্সীর বক্তব্য, হাইকোর্টের রায় অনুযায়ী ২০১০ এর পর তৈরি কোনও OBC কাস্ট সার্টিফিকেট কোথাও নথি হিসেবে ব্যবহার করা যাবে না।

তাই এসআইআরের ক্ষেত্রেও সেগুলি যাতে মান্যতা না পায় তা নিশ্চিত করতেই আদালতের দ্বারস্থ হয়েছেন তিনি।

উল্লেখ্য, গতকালই রাজ্যে এসআইআরের আওতায় খসড়া ভোটার তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। এবার শুরু হবে শুনানি এবং নথি যাচাইয়ের প্রক্রিয়া। শুনানি পর্বে প্রমাণ হিসাবে কমিশন ১৩টি নথির কথা উল্লেখ করেছে। তার মধ্যে রয়েছে তফসিলি জাতি, উপজাতি এবং ওবিসি শংসাপত্রও।

আসন্ন মাধ্যমিক পরীক্ষায় যাতে শিক্ষকের অভাব না হয়, তা নিশ্চিত করতে পরিকল্পনা করে SIR-এর শুনানির সূচি তৈরি করতে জেলা শাসকদের অনুরোধ করেছে মধ্যশিক্ষা পর্ষদ। গতকাল পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় চিঠি দিয়ে জানান, ভতার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী SIR-এর শুনানি পর্ব চলবে সাতই ফেব্রুয়ারি পর্যন্ত। সেই কাজে থাকতে হবে BLO-র দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের।

এদিকে, মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে দোসরা ফেব্রুয়ারী থেকে, চলবে ১২ই ফেব্রুয়ারী পর্যন্ত। রাজ্য জুড়ে ২'হাজার ৬৮২ টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। এর জন্য নজরদারি চালাতে প্রায় এক লক্ষ শিক্ষকের প্রয়োজন। তাই শিক্ষক সংখ্যার সঙ্গে সামঞ্জস্য রেখেই SIR প্রক্রিয়া চালানোর অনুরোধ জানানো হয়েছে। পরিদর্শক, ভেনু সুপারভাইজার ও ইনচার্জদের পরীক্ষা চলাকালীন ভোটের কাজ থেকে অব্যাহতি দেওয়ার অনুরোধও জানানো হয়েছে ওই চিঠিতে।

এসএসসি-তে নবম দশম ও একাদশ দ্বাদশ নিয়োগ প্রক্রিয়ার সময়সীমা আরও ৮ মাস বাড়িয়ে ৩১ শে আগস্ট পর্যন্ত করেছে সুপ্রিম কোর্ট। আগামী ৩১ শে ডিসেম্বর এই সময়সীমা শেষ হওয়ার কথা থাকলেও রাজ্যের পক্ষ থেকে তা বাড়ানোর জন্য আবেদন জানানো হয়। নির্দিষ্ট সময়ের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব নয় বলেও জানানো হয়েছিল। পারিপার্শ্বিক বিভিন্ন দিক বিবেচনা করে আজ সময়সীমা বৃদ্ধির নির্দেশ দিয়েছে বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি অলোক আরাধের বেঞ্চ। এর ফলে ৩১ শে আগস্ট পর্যন্ত সবেতন চাকরী করতে পারবেন যোগ্য চাকরীহারা শিক্ষক ও শিক্ষককর্মীরা।

রাজ্যের পক্ষের আইনজীবী উপস্থিত না হওয়ায়, যুবভারতী ক্রীড়াঙ্গণে মেসি দর্শনকে কেন্দ্র করে অশান্তি ও ভাঙচুরের ঘটনায় দায়ের হওয়া জনস্বার্থ মামলার আজ শুনানী হয়নি। রাজ্যের তরফে কল্যাণ বন্দোপাধ্যায়ের এই মামলায় সওয়াল করার কথা। যদিও মামলাকারী বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আইনজীবী বিল্লদল ভট্টাচার্য এর বিরোধিতা করে বলেন, ঘটনার সঙ্গে যুক্ত ব্যক্তির আইনজীবী হিসেবে সওয়াল করতে পারেন না। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ আগামী সোমবার সকাল সাড়ে দশটায় এই মামলার শুনানি করবেন বলে জানিয়েছেন।

‘আজকের প্রসঙ্গ’ অনুষ্ঠানে আজ শুনবেন ‘ভারত-রাশিয়া সম্পর্ক’ নিয়ে বিশেষ আলোচনার দ্বিতীয় পর্ব। ডক্টর অনীক চ্যাটার্জির সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি আজ রাত ৮ টায় গীতাঞ্জলি ও DTH বাংলা পরিষেবায় শোনা যাবে।

আকাশবাণী কলকাতার এই বিশেষ অনুষ্ঠান ‘আজকের প্রসঙ্গ’ এবার থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার রাত আটটা এবং বুধবার রাত সাড়ে ন’টায় শোনা যাবে গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও পাওয়া যাবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশব্দ নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশ জুড়ে সংখ্যালঘু অধিকার দিবস উদযাপিত হচ্ছে। রাষ্ট্রসংঘ, ১৯৯২ সালের ১৮ ডিসেম্বরে ধর্মীয়, ভাষাগত, জাতি গত সংখ্যালঘুদের

অধিকার সুরক্ষার জন্য সংখ্যালঘু অধিকার দিবস ঘোষণা করে। দিনটি উদযাপন উপলক্ষে সরকারি ও বেসরকারি সংগঠনের পক্ষ থেকে নানা কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, সংখ্যালঘু অধিকার রক্ষা দিবস উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি জানিয়েছেন, তাঁর সরকার সংখ্যালঘু দণ্ডের জন্য ব্যয় বরাদ্দ, আগের চেয়ে প্রায় ১০ গুণ বৃদ্ধি করেছে।

রাজ্য সরকার সংখ্যালঘু উন্নয়নে বেশ কিছু উদ্যোগ নিয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ সমাজমাধ্যমে জানিয়েছেন। এর মধ্যে রয়েছে দরিদ্র মহিলাদের জন্য বাড়ি তৈরি করে দেওয়া, রাজ্যের ১৪ টি জেলায় ইংরেজী মাধ্যমের মডেল মাদ্রাসা তৈরি করা এবং সংখ্যালঘু দণ্ডের বাজেট বেশ কয়েকগুণ বৃদ্ধি করা।

মুর্শিদাবাদে তৃণমূল কংগ্রেসের বহিষ্কৃত নেতা বিধায়ক হুমায়ুন কবীরের প্রস্তাবিত মসজিদ নির্মাণের বিরোধিতা করে দায়ের হওয়া জনস্বার্থ মামলা আজ কলকাতা হাইকোর্টে খারিজ হয়ে গেছে। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পালের বেঞ্চে আইনজীবীরা জানান, একটি ব্যক্তিগত সম্পত্তির ওপর এই মসজিদ নির্মাণ হচ্ছে। এর বিরুদ্ধে আপত্তি থাকলে, তা' রাজ্য পুলিশের কাছে জানানো যেতে পারতো। কিন্তু সরাসরি আদালতে এই আবেদন করা যায়না। এরপরই মামলাটি খারিজ হয়ে যায়।

ভারতবর্ষকে আরো নিবিড়ভাবে পর্যালোচনায় বিবিধের মাঝে একতার দর্শন, আগামীদিনে বিশ্বকে পথ দেখাবে বলে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের স্বরসজ্জ চালক মোহন ভাগবত মত প্রকাশ করেছেন। সঙ্ঘের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে সেবক রোডের শতাদী সদনে আয়োজিত এক যুব সম্মেলনে তিনি বলেন, সরকারের ওপর নির্ভর না করে সমাজকে শক্তিশালী করে তুলতে প্রত্যেক নাগরিকের এগিয়ে আসা উচিত। এজন্য পরিবেশ সংরক্ষণ, জাতিগত বৈষম্য দূর, নাগরিক কর্তব্য পালন, স্ববোধের জাগরণ ওপরিবার প্রবোধনের গুরুত্বের ওপরে জোর দেন তিনি।

কার্শিয়াং এবং জলপাইগুড়ি থেকে আমাদের প্রতিনিধিরা জানাচ্ছেন, উত্তরবঙ্গের পাশাপাশি প্রতিবেশী রাজ্য সিকিম থেকেও অংশগ্রহণকারীরা এই যুব সম্মেলনে যোগ দেন। উপস্থিত ছিলেন সংঘের পদাধিকারি এবং সংঘের কয়েকশ' স্বয়ংসেবক ও সংগঠক।

রাজ্যে শিল্প ও বিনিয়োগের সম্ভাবনাকে আরো বিস্তৃত করতে রাজ্য সরকার আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে আজ এক শিল্প সম্মেলনের আয়োজন করেছে। প্রস্তাবিত বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি কনক্লেভের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এদিকে, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের সমস্যা নিরসনে রাজ্য সরকার, 'ওয়েস্ট বেঙ্গল ট্রেডার্স ওয়েলফেয়ার ডেভলপমেন্ট বোর্ড' তৈরি করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

পাহাড়ে, গোখাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন GTA-এর নিয়ন্ত্রনাধীন অঞ্চলে শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগে ৩১৩ জনের চাকরি বাতিলের নির্দেশের পর

ওই জায়গার সব স্কুলে আজ থেকে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দিয়েছে সংযুক্ত মাধ্যমিক শিক্ষক সংগঠন। সংগঠনের দাবী, ২০০২ সাল থেকে পাহাড়ে স্বেচ্ছাসেবক শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে। এর জন্য তৎকালীন সরকার ও GTA দায়ী। প্রশাসনিক ব্যবস্থার ত্রুটির জন্য শিক্ষকরা শাস্তি পাবেন, তা' হতে দেওয়া যায়না। ধর্মঘটের জন্য যেসব স্কুলে বার্ষিক পরীক্ষা চলছে ও ফলাফল ঘোষণা হতে চলেছে, তা'ও স্থগিত থাকবে বলে সংগঠনের পক্ষে জানানো হয়েছে।

বড় রেলদুর্ঘটনা দুর্ঘটনা থেকে রক্ষা পেল উত্তরবঙ্গের রেলপথ। চালসা-নাগরাকাটা স্টেশনের মাঝামাঝি ক্যাপিটাল এক্সপ্রেসের চালক সঞ্জিত সরকার রেললাইনের ওপর হাতির পাল দেখতে পেয়ে দ্রুত ট্রেনের গতি নিয়ন্ত্রনে আনেন। ট্রেন থামিয়ে হাতির পালকে নিরাপদে রেললাইন পার হওয়ার সুযোগ দেওয়া হয়। কিছু সময়ের মধ্যেই সমস্ত হাতি নিরাপদে জঙ্গলমুখী হলে পুনরায় ট্রেন চলাচল স্বাভাবিক হয়। রেলসূত্রে জানানো হয়েছে, রেল চালকদের তৎপরতা ও দায়িত্বশীলতার কারণেই বড় দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে।

ডিসেম্বরের মাঝামাঝি সময়েও কলকাতা শহরে দুপুরের দিকে শীত প্রায় অনুভূত হচ্ছে না। তাপমাত্রার পারদ ওঠানামা করে চলেছে। আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক দশমিক ছয় ডিগ্রি বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে একটু কম। আগামী কয়েকদিনে তাপমাত্রার বিশেষ হেরফের হবে না, তবে সকালের দিকে

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর
আবহাওয়া দপ্তর জানিয়েছে।
